

কলেজ শিক্ষার্থীদের জন্য রোবটিক্স প্রতিযোগিতা

| ঢাকা, মঙ্গলবার, ২০ মার্চ ২০১৮

বাংলাদেশে
প্রথমবারের
মতো

কলেজ
শিক্ষার্থীদের
জন্য দুই



দিনব্যাপী রোবটিক্স প্রতিযোগিতা
অনুষ্ঠিত হবে আগামী ২১-২২ মার্চ।
গত ১৮ মার্চ ঢাকার
কাওরানবাজারে বিএসআইসি
ভবনে আর্টিভি কনফারেন্স হলে
আয়োজিত এক সংবাদ সম্মেলনে
এই ঘোষণা দেয়া হয়। সংবাদ
সম্মেলনে উপস্থিত ছিলেন
ভেনচুরাস লিমিটেড এর সিইও
ইউরিকো উয়েদা, ইউনাইটেড
ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
(ইউআইইউ) এর অ্যাসিস্টেন্ট
প্রফেসর আবু সাফিন মোহাম্মদ
মাহদী জামিল এবং আর্টিভির
হেড প্রোগ্রামার দেওয়ান সামসুর
রকিব। সংবাদ সম্মেলনে ভেনচুরাস
লিমিটেডের সিইও ইউরিকো
উয়েদা রোবটিক্স প্রতিযোগিতার
বিভিন্ন দিক সাংবাদিকদের সামনে
তুলে ধরেন। তিনি বলেন, এই
রোবটিক্স প্রতিযোগিতার মাধ্যমে
কলেজ শিক্ষার্থীরা তথ্যপ্রযুক্তি,
বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং সম্পর্কে
বিভিন্ন ধরনের দক্ষতা এবং
অভিজ্ঞতা অর্জন করতে পারবে।
ইউনাইটেড ইন্টারন্যাশনাল
ইউনিভার্সিটি (ইউআইইউ) এর

নতুন ক্যাম্পাসে মার্চের ২১-২২
তারিখে এই রোবটিক্স
প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হতে
যাচ্ছে। প্রতিযোগিতায় বাংলাদেশের
১৫টি কলেজ অংশগ্রহণ করবে
এবং বিজয়ীদলকে পুরস্কার হিসেবে
১ লক্ষ টাকা উপহার দেওয়া হবে।
সংবাদ বিজ্ঞপ্তি।